

ডাকঘর নাটকের নামকরণ

ড. নিবেদিতা ধর

সহকারী অধ্যাপিকা, উইমেন্স কলেজ,

আগরতলা

- রবীন্দ্রনাথ ঠাকুর বিংশ শতকের দ্বিতীয় দশকের শুরুতেই একটি অভিনব নাট্যরীতির প্রবর্তন করলেন বাংলা সাহিত্যে। ‘শারদোৎসব’, ‘রাজা’, ‘অচলায়তন’, ‘ডাকঘর’, ‘ফাল্গুনী’, ‘রক্তকরবী’ ইত্যাদি এদেশে প্রচলিত মঞ্চানুগ নাটক প্রহসন, গীতিনাট্য, কাব্যনাট্য প্রভৃতি থেকে একেবারে স্বতন্ত্র বস্তু রূপে দেখা দিল। এরা নতুন নাম পেল রূপক- সঙ্কেতনাট্য । রবীন্দ্রনাথের রূপক- সঙ্কেত নাটকগুলি রচনার উৎসে দুটি ব্যাপার কার্যশীল- রহস্যব্যাকুলতা ও তত্ত্বমুখিতা।

- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত রূপক-সঙ্কেত নাটক গুলির মধ্যে ‘ডাকঘর’ অন্যতম শ্রেষ্ঠ নাটক। সমগ্র বিশ্বের নাট্য ভাণ্ডারকে সমৃদ্ধ ও গর্বিত করেছে এই নাটকটি। এই নাটকে অমল মানবাত্মার প্রতীক। মানবাত্মা সর্বদাই মুক্তি চায়, চায় এই পৃথিবীতে খেলে বেড়াতে। এই মানবাত্মার বিশ্বরূপের সঙ্গে মিলিত হবার আকাঙ্ক্ষা প্রবল, নাটকের শেষে অমলের মৃত্যুর মধ্য দিয়ে এই সত্যটিই প্রকাশ পেয়েছে।

- রবীন্দ্রনাথ ‘ডাকঘর’ নাটকের নামকরণ এই নাটকের প্রধান চরিত্র অমলের নামে করেননি। তিনি নাটকটির নাম রেখেছেন ‘ডাকঘর’। এই নাটকটির ইংরেজি অনুবাদেও নাম পরিবর্তিত হয়নি। অনূদিত নাটকটির নাম হল ‘The Post Office’ . ১৯৯৪ সালে এটি প্রকাশিত হয়।

ধন্যবাদ